

চতুর্থ শিল্প বিপ্লব বাস্তবায়নে বিএসসিসিএল এর কর্মপরিকল্পনা

৪র্থ শিল্প বিপ্লবের উপজীব্য হলো ডাটা ইন্টারনেট, আর্টিফিশিয়াল ইন্টেলিজেন্স, অবকাঠামো ইত্যাদি। এই সকল কার্যক্রম বাস্তবায়নের জন্য সর্বাগ্রে প্রয়োজন ব্যান্ডউইড্থ আর এই ব্যান্ডউইড্থের যোগান আসবে সাবমেরিন ক্যাবল, আইটিসি ইত্যাদি থেকে। ফলে ৪র্থ শিল্প বিপ্লব বাস্তবায়নে বিএসসিসিএল ব্যান্ডউইড্থ বৃদ্ধির জন্য পরিকল্পনা গ্রহণ করেছে যা বাস্তবায়িত হচ্ছে এবং ভবিষ্যত পরিকল্পনাধীন রয়েছে।

কর্ম-পরিকল্পনার ক্রমিক নং	করনীয় বিষয়	স্বল্প মেয়াদী (২০২৩)	মধ্য মেয়াদী (২০২৫)	দীর্ঘ মেয়াদী (২০৩৫)	কার্যক্রমের বর্তমান অবস্থা
১.১.১	২০১৮ এ নির্বাচনী ইশতেহারের প্রতিশ্রুতি অনুযায়ী তৃতীয় সাবমেরিন ক্যাবল স্থাপন।		✓		বাংলাদেশের তৃতীয় সাবমেরিন ক্যাবল স্থাপনের কাজ SEA-ME-WE 6 (SMW6) কনসোর্টিয়ামের আওতায় করা হচ্ছে। ইতোমধ্যে দরপত্র মূল্যায়ন প্রক্রিয়ার মাধ্যমে মার্কিন যুক্তরাষ্ট্রের SubCom-কে Supplier নির্বাচন করা হয়েছে। গত ২৩ সেপ্টেম্বর, ২০২১ খ্রি. তারিখে বিএসসিসিএল SMW6 কনসোর্টিয়ামের সকল সদস্যের সাথে Construction & Maintenance Agreement (C&MA) স্বাক্ষর করেছে। একই তারিখে Supplier (কনসোর্টিয়াম কর্তৃক নির্বাচিত) এর সাথে চুক্তি স্বাক্ষর করা হয়েছে। চুক্তি অনুযায়ী কনসোর্টিয়াম কর্তৃক Supplier কে চুক্তি মূল্যের ১৫% পরিশোধ করার পর অন্যান্য শর্ত প্রতিপালনপূর্বক ১৫/০২/২০২২ খ্রি. তারিখে সরবরাহ চুক্তি ও C&MA কার্যকর (Coming Into Force) হয়েছে। Supplier কর্তৃক সাবমেরিন ক্যাবল স্থাপনের প্রক্রিয়া শুরু করা হয়েছে এবং সাবমেরিন ক্যাবল স্থাপনের নিমিত্ত Desktop Study সম্পন্ন হয়েছে। শীঘ্রই রুট সার্ভের কাজ শুরু হবে। Supplier এর সাথে স্বাক্ষরিত চুক্তির সর্বশেষ সংশোধনী অনুযায়ী ২০২৫ সালের প্রথম প্রান্তিকের মধ্যে SMW6 সাবমেরিন ক্যাবল স্থাপনের কাজ সম্পন্ন হবে। SMW6 এ বিএসসিসিএল এর অংশ হিসেবে প্রাথমিক ক্যাপাসিটি ছিল 1MIU অর্থাৎ ৬৬০০ জিবিপিএস। পরবর্তীতে ক্যাপাসিটির বৃদ্ধির প্রস্তাবে প্রধানমন্ত্রীর সানুগ্রহ সম্মতিক্রমে 2MIU অর্থাৎ ১৩২০০ জিবিপিএস এ উন্নীত হয়েছে। এক্ষেত্রে প্রক্ষেপন করা যায় যে, তৃতীয় সাবমেরিন ক্যাবলে সংযুক্ত হওয়ার মাধ্যমে এবং দেশের বিদ্যমান আরো দুটি সাবমেরিন ক্যাবলের Upgradation এর ফলে দেশের মোট সাবমেরিন ক্যাবল ক্যাপাসিটি প্রায় ২০০০০ (বিশ হাজার) জিবিপিএস-এ উন্নীত হবে। উল্লেখ্য যে, তৃতীয় সাবমেরিন ক্যাবল এর ল্যান্ডিং স্টেশন হলো কক্সবাজার।

১.১.২	SEA-ME-WE-4 ক্যাবলের Upgradation	✓			বাংলাদেশ ২০০৬ সালের মে মাসে সর্বপ্রথম সাবমেরিন ক্যাবলের মাধ্যমে বানিজ্যিকভাবে বিশ্বের সাথে ডাটা ও ভয়েস ট্রাফিক আদান-প্রদান শুরু করে। নতুন IIG, IGW, ICX সহ Wimax, 3G এবং 4G LTE (Long Term Evaluation) সার্ভিসসমূহের প্রসারের ফলে অধিক ব্যান্ডউইডথ এর চাহিদার কথা মাথায় রেখে SEA-ME-WE 4 কনসোর্টিয়ামের আপগ্রেড-৩ প্রক্রিয়ার মাধ্যমে বিএসসিসিএল দেশের ব্যান্ডউইডথ ক্যাপাসিটি বৃদ্ধি করার কার্যক্রমে অংশগ্রহণ করে। বিএসসিসিএল এর কল্লবাজারস্থ ল্যান্ডিং স্টেশনে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ৩ এপ্রিল ২০১১ খ্রি. তারিখে ব্যান্ডউইডথ সম্প্রসারণ প্রকল্পের শুভ উদ্বোধন করেন যা অক্টোবর, ২০১২ খ্রি. তারিখ সাফল্যের সাথে সমাপ্ত হয়। এই আপগ্রেডেশন কার্যক্রমের ফলে দেশে SEA-ME-WE 4 এর মাধ্যমে ব্যান্ডউইডথ সক্ষমতার পরিমাণ পর্যায়ক্রমে বৃদ্ধি পেয়ে বর্তমানে প্রায় ৮০০ জিবিপিএস-এ দাঁড়িয়েছে।
-------	----------------------------------	---	--	--	---

কর্ম-পরিকল্পনার ক্রমিক নং	করনীয় বিষয়	স্বল্প মেয়াদী (২০২৩)	মধ্য মেয়াদী (২০২৫)	দীর্ঘ মেয়াদী (২০৩৫)	কার্যক্রমের বর্তমান অবস্থা
					নিকট ভবিষ্যতে দেশের ব্যান্ডউইডথ চাহিদার বিষয়টি বিবেচনায় নিয়ে SEA-ME-WE 4 সাবমেরিন ক্যাবলের ইকুইপড ক্যাপাসিটি আরও ৩৮০০ জিবিপিএস বৃদ্ধির লক্ষ্যে বিএসসিসিএল ইতিমধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। আশা করা যায় যে, ২০২৩ সালের মাঝামাঝি নাগাদ বিএসসিসিএল উক্ত ক্যাপাসিটি অর্জন করবে।
১.২.৩	ডিজিটাল বাংলাদেশ টাস্কফোর্স এর ৩য় সভার সিদ্ধান্ত অনুযায়ী চতুর্থ সাবমেরিন ক্যাবলে সংযোগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ।			✓	নতুন সাবমেরিন ক্যাবল স্থাপনে কনসোর্টিয়াম গঠন থেকে শুরু করে ক্যাবল স্থাপন পর্যন্ত প্রায় ৫-৬ বছর সময় লেগে যায়। ডিজিটাল টাস্কফোর্সের সিদ্ধান্তের আলোকে স্বল্প ব্যয়ে জরুরিভাবে ক্যাপাসিটি অর্জনের জন্য SMW6 এ বিএসসিসিএল এর অংশ 1MIU হতে 2MIU তে উন্নীত করা হয়েছে। SMW6 এ ক্যাপাসিটি বৃদ্ধির পাশাপাশি নতুন সাবমেরিন ক্যাবল (৪র্থ ক্যাবল) কনসোর্টিয়াম গঠনের বিষয়টি বিএসসিসিএল এর পর্যবেক্ষণে রয়েছে এবং নতুন কোন সাবমেরিন ক্যাবল কনসোর্টিয়াম গঠিত হলে সেই কনসোর্টিয়ামে যোগদানের জন্য অনুমোদনসহ অন্যান্য কার্যক্রম গ্রহণ করা হবে। এছাড়াও অন্যান্য সাবমেরিন ক্যাবল স্থাপনকারী প্রতিষ্ঠানের সাথে যোগাযোগপূর্বক তথ্য সংগ্রহ করা হচ্ছে। দেশের প্রথম সাবমেরিন ক্যাবল SMW4 ব্যবহারের অনুপযোগী হয়ে পড়বে এবং সেটির প্রতিস্থাপন ও ক্যাপাসিটির চাহিদা মেটাতে ২০২৮ সাল নাগাদ এটি বাস্তবায়নের পরিকল্পনা রয়েছে।
১.২.৪	পঞ্চম সাবমেরিন ক্যাবল স্থাপন।			✓	প্রেক্ষিত পরিকল্পনা ২০২১-২০৪১ ও সরকারের অন্যান্য উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নের প্রেক্ষিতে দেশে ক্রমবর্ধমান ব্যান্ডউইডথ চাহিদা মেটাতে যথাসময়ে পঞ্চম সাবমেরিন ক্যাবল স্থাপন প্রকল্প গ্রহণ করা হবে। এটি দ্বিতীয় সাবমেরিন ক্যাবল SMW5 এর পরিপূরক/প্রতিস্থাপক হিসেবে কাজ করবে।

(Handwritten signature)